

# সূত্র

প্রিন্ট: ০২ এপ্রিল ২০২৬, ০৯:১৬ এএম

ক্যাম্পাস

## বিশ্ববিদ্যালয়ের নোটিশে হল ও বিভাগের নামসহ ১০ ভুল

Advertisement



জাককানইবি প্রতিনিধি

প্রকাশ: ০১ এপ্রিল ২০২৬, ০৩:৪৩ পিএম

স্মারক নং-জাককানইবি/রেজি./একা/ভর্তি(২০২৫-২৬)/১৮৮৮/২৫/৫৩৮৪

তারিখ: ৩১/০৩/২০২৬ খ্রি:

**জরুরি বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে আগামী ০৩/০৪/২০২৬ ও ১০/০৪/২০২৬ তারিখে গুরুভুক্ত বিশ্ববিদ্যালয় সমূহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির B ও A ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আসন ব্যবস্থাপনা উপ-কমিটির সুপারিশক্রমে আগামী ০২/০৪/২০২৬ এবং ০৯/০৪/২০২৬ তারিখে বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাশ পরীক্ষাসমূহ (ল্যাব পরীক্ষা চলাবে) বন্ধ থাকবে। তবে সামাজিক বিজ্ঞান অনুষদ ও ব্যবসায় প্রশাসন অনুষদের ১০ তলার পরীক্ষা হল এর আওতাভুক্ত থাকবে।

ডাইস-চ্যাকের সূচনামতের অনুমোদনক্রমে,

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়  
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-জাককানইবি/রেজি./একা/ভর্তি(২০২৫-২৬)/১৮৮৮/২৫/৫৩৮৪

তারিখ: ৩১/০৩/২০২৬ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। প্রিন্সিপাল, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০২। ডিন, ফলা অনুষদ/বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ/ ব্যবসায় প্রশাসন অনুষদ/সামাজিক বিজ্ঞান অনুষদ/ আইন অনুষদ/চাককলা অনুষদ, জাককানইবি।
- ০৩। বিভাগীয় প্রধান, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ/ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগ/সঙ্গীত বিভাগ/সিনেমা বিভাগ/অর্থনীতি বিভাগ/ইতিহাসবিজ্ঞান ও তত্ত্ব পদ্ধতি বিভাগ/চাককলা বিভাগ/কিন্মাৎ এন্ড ব্যাংকিং বিভাগ/খিরাটার এন্ড পারফরম্যান্স শৈল্পিক বিভাগ/ইইই বিভাগ/ইউআম রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ/লোকসংগীত ও সরকার পরিচালনাবিভাগ বিভাগ/কোকসের বিভাগ/আইন ও বিচার বিভাগ/কিশু এন্ড মিডিয়া বিভাগ/এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/নৃত্যবিজ্ঞান বিভাগ/পশুপালন সায়েন্স বিভাগ/স্থানীয় সরকার ও নগর উন্নয়ন বিভাগ/মর্শন বিভাগ/সমাজবিজ্ঞান বিভাগ/বাহ্যিক বিভাগ/পরিবেশবিদ্যা বিভাগ/মার্কেটিং বিভাগ/ইতিহাস বিভাগ, জাককানইবি।
- ০৪। প্রোগ্রামিক (ভারপ্রাপ্ত), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৫। প্রজেক্ট অফিসি-ইলা হল/দেপার্ট-চাপা হল/সিইআইসি হল/শিউলিমালা সুবিধা হল, জাককানইবি।
- ০৬। প্রিন্সিপাল, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৭। পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা/অর্থ ও হিসাব/পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৮। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০৯। উপ-প্রধান প্রকৌশলী, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ১০। অতিরিক্ত-পরিচালক, শারীরিক শিক্ষা বিভাগ/অনুসন্ধান, তথ্য ও প্রকাশনা, ত্রিশাল, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ১১। পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।
- ১২। সভাপতি/অসভাপতি ও সদস্য-সচিব, সকল উপ-কমিটি, কেন্দ্রীয় ভর্তি কমিটি ২০২৫-২০২৬, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ।

ছবি: সংগৃহীত

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় প্রশাসনের এক বিজ্ঞপ্তিতে বিভাগ ও হলের নামসহ মোট ১০টি বানান ও তথ্যগত ভুল পাওয়া গেছে।

মঙ্গলবার (৩১ মার্চ) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিটি ঘিরে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকসহ বিশ্ববিদ্যালয় এলাকায় ব্যাপক সমালোচনার সৃষ্টি হয়েছে।

বিজ্ঞপ্তিতে দেখা যায়, বিজ্ঞপ্তির মূল অংশেই চারটি স্পষ্ট বানান ভুল ধরা পড়েছে। বিজ্ঞপ্তির দ্বিতীয় ও তৃতীয় লাইনে ‘গুচ্ছভুক্ত’ শব্দের স্থলে ‘গুচ্ছভুক্ত’, ‘শিক্ষাবর্ষের’ স্থলে ‘শিক্ষাবর্ষের’, ‘অনুষ্ঠিত’ শব্দের স্থলে ‘অনুষ্ঠিত’ ও ‘লক্ষ্যে’ শব্দের বদলে ‘লক্ষ্যে’ লেখা হয়েছে। বাংলা একাডেমির প্রমিত বানান রীতি অনুযায়ী এই শব্দগুলো ভুলভাবে উপস্থাপন করা হয়েছে।

ভুলের এই তালিকা থেকে বাদ যাননি খোদ রেজিস্ট্রারও। বিজ্ঞপ্তির নিচে স্বাক্ষরকারী রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. মিজানুর রহমানের পদবিতে ‘ভারপ্রাপ্ত’ শব্দের স্থলে লেখা হয়েছে ‘ভারপ্রাপ্ত’।

বিজ্ঞপ্তির অনুলিপি অংশে ভুলের সংখ্যা আরও বেড়েছে। অনুলিপির ৩ নম্বরে ‘লোকপ্রশাসন ও সরকার পরিচালনা বিদ্যা’ ও ‘ফিল্ম অ্যান্ড মিডিয়া স্টাডিজ’ বিভাগের নাম ভুলভাবে উল্লেখ করা হয়েছে। ৫ নম্বরে ‘শিউলিমালা হল’-এর নাম লেখা হয়েছে ‘শিউলিমালা মুজিব হল’। এছাড়া ১৬ ও ১৭ নম্বরে কর্মকর্তাদের পদবিতে ‘ডেপুটি চিফ’ ও ‘পিএস টু ভিসি’-এর পরিবর্তে যথাক্রমে ‘ডেপুটি চিপ’ ও ‘টিএসটু ভিসি’ লেখা হয়েছে। এমনকি একই লাইনে ‘মেডিকেল’ ও ‘মেডিক্যাল’—উভয় বানান ব্যবহারের অসামঞ্জস্যতাও চোখে পড়েছে।

এ বিষয়ে জানতে চাইলে রেজিস্ট্রার দপ্তরের উপ-রেজিস্ট্রার (শিক্ষা) মো. আমিনুল ইসলাম বলেন, আসন-বিন্যাস কমিটির তাগিদে দ্রুত বিজ্ঞপ্তি প্রকাশ করতে গিয়ে সম্ভবত গত বছরের ফরম্যাট ব্যবহার করা হয়েছে। তাড়াহড়োর কারণে এসব ভুল নজরে আসেনি। আমরা দ্রুত সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ করব।